

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর ২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd


স্মারক নম্বরঃ ৩৮.০১.০০০০.৬০০.২৫.৩৮২.১২-৫৩৩

তারিখ: ২১ আষাঢ় ১৪২৪
৫ জুলাই ২০১৭

বিষয়: প্রাথমিক স্তরের শিক্ষক সংস্করণ, শিক্ষক সহায়িকা ও শিক্ষক নির্দেশিকা ওয়েব সাইটে প্রকাশ বিষয়টি অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের ১ম-৫ম শ্রেণির সকল পাঠ্য বিষয়ে শিক্ষকদের পাঠদান কার্যক্রম পরিচালনার সুবিধার্থে এবং শিক্ষার্থীদের পরিকল্পিত শিখনফল অর্জনের লক্ষ্যে শিক্ষক সংস্করণ, সহায়িকা এবং নির্দেশিকা মুদ্রণপূর্বক ইতোমধ্যে মাঠপর্যায়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া, শিক্ষক সংস্করণ, সহায়িকা ও নির্দেশিকা সরকারি-বেসরকারি পর্যায়ের সকল শিক্ষক ও কর্মকর্তাদের নিকট সহজলভ্য এবং ব্যবহারের সুবিধার্থে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dpe.gov.bd) ইলেক্ট্রনিক কপি (১ম-৫ম শ্রেণী) আপলোড করা হয়েছে।

২। এমতাবস্থায়, প্রাথমিক বিদ্যালয়ের ১ম-৫ম শ্রেণি পর্যন্ত প্রণয়নকৃত শিক্ষক সংস্করণ, সহায়িকা এবং নির্দেশিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি সকল শিক্ষক ও কর্মকর্তাকে অবহিতকরণসহ ব্যবহারের নির্দেশনা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হলো।


মোঃ ফারুক ইসলাম
উপপরিচালক (প্রশিক্ষণ)

- ১। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
- ২। ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি (সকল)

অনুলিপিঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৭. অফিস কপি।